দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

06 031

তারিখ 11 DEC 1988
পৃষ্ঠা 3 কলাম 4

20

# মেডিক্যাল শিক্ষা স্বায়ত্তশাসিত বিশ্ববিদ্যালয়ের অধীনে আনা হইবে

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপ-প্রধানমন্ত্রী অধ্যাপক এম এ মতিন বলেন, স্বাস্থ্য শিক্ষা অবিলম্বে স্বায়ত্তশাসিত বিশ্ববিদ্যালয়ের অধীনে আসিবে। এই ব্যাপারে সরকার নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় সহসা প্রয়োজনীয় অর্ডিন্যান্স জারি করিবে।

তিনি গত শুক্রবার বাংলাদেশ কলেজ অব ফিজিসিয়ান্স এণ্ড সার্জন্স মিলনায়তনে বাংলাদেশ প্রাইভেট মেডিক্যাল প্রাকটিশনার্স অ্যাসোসিয়েশনের অভিষেক ও

(৪র্থ পৃঃ দ্রঃ)

## মেডিক্যাল শিক্ষা

(৩য় পৃঃ পর)

শপথগ্রহণ অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দেন।

বিশেষ অতিথির ভাষণে পূর্তমন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলেন, সরকারের বিঘোষিত নীতি ২০০০ সালের মধ্যে সবার জন্য স্বাস্থ্য নিশ্চিত করার সাফল্য বেসরকারী চিকিৎসকদের আন্তরিক অবদানের উপর বিপুলভাবে নির্ভরশীল। তিনি আর্ত মানবতার প্রতি নিঃস্বার্থ সেবা প্রদানের নূতন দৃষ্টান্ত স্থাপনে আগাইয়া আসার জন্য তাহাদের প্রতি আহ্বান জানান। —তথ্য বিবরণী।